


★ জন-অংশগ্রহণ

★ স্বচ্ছতা ও জবাবদিহিতা

★ বাধ্যতদের অধিকার



জন প্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (সিইপিআই) প্রকল্প। মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি সহায়তায় কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প ভোলা জেলার ভোলা সদর, দৌলতখান ও লালমোহন উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জন প্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও প্রাণিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সুযোগ ও সেবার ক্ষেত্রে সৃষ্টি করা।

অগ্রাধিকার ভিত্তিতে ওয়ার্ড উন্নয়ন পরিকল্পনায় স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ নিশ্চিত করণে ওয়ার্ড সভা অনুষ্ঠিত

ইউনিয়ন পরিষদ কর্তৃক আয়োজিত এবং কোস্ট ট্রাস্ট ও মানুষের জন্য ফাউন্ডেশনের সহযোগিতায় উন্নয়ন পরিকল্পনায় সমাজের সকল স্তরের নাগরিকের অংশগ্রহণ নিশ্চিত করণে ভোলা জেলার বিভিন্ন ইউনিয়নে ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়। ইর্টিপ'র সংশ্লিষ্ট ওয়ার্ড মেষ্ঠার সভায় সভাপতিত্ব করেন,



জনগণের সক্রিয় অংশগ্রহণ ও মতামত গ্রহণের মধ্য দিয়ে ভেদুরিয়া ইউনিয়নের ৪নং ওয়ার্ডের সভা সম্পন্ন। ছবি: সোহাগ হোসেন-পিএফ, ২৫ মে ২০২১

সংরক্ষিত আসনের নারী নির্বাচিত প্রতিনিধি ওয়ার্ড সভায় পরামর্শকের ভূমিকা পালন করেন এবং ইর্টিপ'র সচিব ওয়ার্ড সভা সঞ্চালনা করেন। প্রকল্প কর্মীরা সার্বিক কারিগরি সহায়তা করেন এবং সংশ্লিষ্ট নাগরিক সহায়তা দলের সদস্যরা সামগ্রিক প্রক্রিয়ায় বিভিন্নভাবে অংশগ্রহণ করেন। সাধারণ নাগরিক, দরিদ্রগোষ্ঠী, নারী এবং প্রাণিক জনগোষ্ঠী তাদের মতামত তুলে ধরেন। স্থানীয় প্রয়োজন অগ্রাধিকার অনুসারে তালিকাবদ্ধ এবং সামাজিক সুরক্ষা ভাতাভোগীদের তালিকা প্রস্তুত করা হয়।

সংশ্লিষ্ট ওয়ার্ড মেষ্ঠার বলেন, উন্নয়নে জনগণের অংশগ্রহণের বিষয়টি দিন দিন বেশী গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। জনগণের কার্যকারী অংশগ্রহণ ছাড়া উন্নয়ন জনকল্যাণমূর্খি করা প্রায় অসম্ভব। এজন্য মানুষকে উন্নয়ন কর্মসূচীর বিভিন্ন



স্থানীয় জনপ্রতিনিধিদের কাছে উন্নয়ন কর্মকাণ্ডের চাহিদাসমূহ উপস্থাপন করেন উন্নত জয়নগর ইউনিয়নের জনগণ। ছবি: নীগা বেগম-পিএফ, ৩০ মে ২০২১

পর্যায়ে অংশগ্রহণের সুযোগ করে দেওয়া জরুরী। তারই ধারাবাহিকতায় আমরা ৪নং উন্নত জয়নগর ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে উন্নয়নে জনগণের

অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে ওয়ার্ড সভা, প্রাক্ বাজেট আলোচনা সভা এবং উন্নত বাজেট ঘোষণার মাধ্যমে সবার নিকট আমাদের কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে চাই।

উন্নত আলোচনায় কয়েকজন সাধারণ নাগরিক তাদের মতব্য তুলে ধরেন। উক্ত প্রক্রিয়ার সার্বিক উন্নয়নে তথ্য ভবিষ্যতে আরো ফলপ্রসূ করার জন্য কি পদক্ষেপ নেওয়া যেতে পারে সে সম্পর্কে সাধারণ নাগরিকদের মতামত গ্রহণ করা হয়। পাড়া ভিত্তিক চাহিদাগুলোকে একত্রিত করে এবং পুরো ওয়ার্ডের জন্য একটি সেষ্টের ভিত্তিক অগ্রাধিকার তালিকা তৈরি করা হয়। এছাড়াও সভাব্য সামাজিক সুরক্ষা ভাতাভোগীদের তালিকা উপস্থিত জনগণের মতামতের ভিত্তিতে গ্রহণ করা হয়। সর্বোশেষে সমস্ত প্রস্তাবিত পরিকল্পনাগুলি পুনরায় পাঠ করে সবাইকে শুনানো হয়।

কোস্ট ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় হাঁস পালনে নিজেকে বদলে দিয়েছেন রমাগঞ্জ ইউনিয়নের ময়ফুল বেগম

ময়ফুল বেগম (বয়স-৫১), স্বামী মৃত্যু সাদেক, রমাগঞ্জ ইউনিয়নের ৭নং ওয়ার্ডের পূর্ব চরটামোদ গ্রামে বসবাস করেন। স্বামীর মৃত্যু হয় প্রায় ১০ মে বছর পূর্বে এবং তখন থেকেই এক ছেলে ও দুই মেয়ে নিয়ে দারিদ্র্যাতর সাথে যুক্ত করে সংসার পরিচালনা করছেন। একমাত্র ছেলে ছেট থেকেই চতুর্গামে দিন



হাঁস পালনে স্বাবলম্বী ময়ফুল বেগম। ছবি: নোমান শরীফ, ১৭ মে ২০২১ খ্রি।

মজরের কাজ করতেন এবং তার আয়ের উপর নির্ভর করে চলতো তাদের অভাবের সংসার। করোনার ভয়ল থাবায় ছেলের যখন কাজ বন্ধ হয়ে যায় তখন সংসারে আবার অভাব দেখা দেয়। জীবন-জীবিকার মান উন্নয়নে যখন কোস্ট, সিইপিআই প্রকল্পের মাধ্যমে ৭০০০/- টাকা করে সহায়তা করার উদ্দেশ্য গ্রহণ করা হয় তখন নাগরিক ফোরাম সুপারিশ করেন তাকে আইজিএ সহায়তা প্রদান করার জন্য।

আমাদের দেশের আবহাওয়া হাঁস পালনে খুবই উপযোগী তাই ময়ফুল বেগম আইজিএ সহায়তার টাকা দিয়ে ছেট বড় মিলিয়ে ২০টি হাস দ্রু করেন।

হাঁসের ডিম প্রতি সপ্তাহে বাজারে বিক্রয় করে তার পরিবারের চাহিদা পূরণ করেন। হাঁস পালন করে ময়ফুল তার পরিবারের আয় বৃদ্ধি করেন তাই

অভাবকে নিবারনের জন্য তার এখন মানুষের কাছে আর হাত পাতার প্রয়োজন হয়না।

ইউনিয়ন পরিষদ'র সেবার মান সহজীকরণ এবং স্বচ্ছতা আনয়নে ইউনিয়ন নাগরিক ফোরামের সভা অনুষ্ঠিত

ইউপি'র সেবার মান সহজীকরণ এবং নাগরিকদের অধিকার তুলে ধরতে ইউনিয়ন নাগরিক ফোরামের দ্বিমাসিক সভা অনুষ্ঠিত হয়। নাগরিক ফোরাম সভার উদ্দেশ্য হল, আলোকিত সমাজ গঠনের জন্য অধিকতর দুর্বল ও অনগ্রসর জনগোষ্ঠীর কল্যাণে কাজ করা তাদের সঠিক তথ্য জ্ঞান ও সেবা



সেবার মান সহজীকরণে নাগরিক ফোরামের মধ্যে আলোচনার খণ্ড চিত্র। ছবি: নোমান শরীফ-পিএফ, রমাগঞ্জ ইউনিয়ন, লালমোহন, ২৬ মে ২০২১ খ্রি।

প্রাপ্তিতে সহযোগিতার মাধ্যমে স্বাবলম্বী হিসেবে গড়ে তোল। সরকারি ও বেসরকারি বিভিন্ন দপ্তরের সেবা ও সহায়তা প্রাপ্তির জন্য উদ্যোগ গ্রহণ করা। জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদযাপন করা। কোভিড ১৯ মহামারীতে সচেতনতা তৈরি ও সহযোগিতামূলক পদক্ষেপ গ্রহণ করা।

পরিষদের উন্নয়ন কার্যক্রমে জেডার সংবেদনশীলতা ও জেডার সমতায় ভূমিকা রাখা। সমাজে পিছিয়ে পড়া অংশ হিসেবে নারীর সামগ্রিক উন্নয়ন ও সজনশীলতা বৃদ্ধিতে ভূমিকা রাখা এবং স্ব স্ব পরিষদে কার্যকর ভূমিকা রাখার



সভার সরকারি বিভিন্ন দপ্তরের সেবা প্রাপ্তির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়। ছবি: সোহাগ হোসেন-পিএফ, ভেনুরিয়া ইউনিয়ন, ভোলা সদর, ২৭ মে ২০২১ খ্রি।

জন্য স্থানীয় সরকার আইন-কানুন ও কার্যক্রম ভালভাবে অবহিত হওয়া। ওয়ার্ড ভিত্তিক সেবার মান বিশেষ করে প্রকল্পের টার্গেটে সেবার সেষ্টির এবং ওয়ার্ড নাগরিক ফোরামের কার্যক্রম পরিকল্পনা পর্যালোচনা করা হয় এবং কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়।

করোনা মহামারীতে কোস্ট ফাউন্ডেশনের আর্থিক সহায়তা বদলে দিয়েছে ২নং ইলিশা ইউনিয়নের আরজু বেগম'র জীবনমান

ভোলা জেলার সদর উপজেলার পুর ইলিশা ইউনিয়নের ১নং ওয়ার্ডের বাসিন্দা আরজু বেগম-২৬। পরিবারে ১ ছেলে সেজিব (১০) ও ১ মেয়ে শিখা (৫)। আজ থেকে ১১ বছর পূর্বে তার বিয়ে হয়েছিল পাশবর্তী সুদের হাট গ্রামে। ভাগ্যের নির্মম পরিহাস পরিবারের ছেলে মেয়ের যখন বড় হতে চলছিল ঠিক তখনই তার সুখের সংসার ভেঙ্গে যায় এবং আরজু বেগম হয়ে পড়েন অসহায় (যামি পরিত্যাক্ত)। কিন্তু আরজু বেগম তার পরিবারের সদস্যদের নিয়ে নতুন করে স্বপ্ন দেখেন এবং পরিকল্পনা করেন তার বাবার বাড়িতে গিয়ে আয়ৰ্দ্ধক মূলক কাজের সাথে যুক্ত হবেন।

আরজু বেগম'র ভাই শরিফ বলেন, বড় বোনের এ বিপদের দিনে আমাদের পরিবারের দিক থেকে সহায়তার হাত এগিয়ে দেওয়া হয়। ইতিমধ্যে তিনি নাগরিক ফোরাম ও স্থানীয় ইউপি সদস্য মোক্ষফা মিয়ার সহায়তায় কোস্ট ফাউন্ডেশন'র মাধ্যমে ৭০০০ টাকা আয় বৃদ্ধিমূলক কাজের জন্য সহায়তা গ্রহণ করেন। এই সহায়তার সাথে আরো কিছু টাকা যুক্ত করে তিনি মুরগির খামার

করেন যেখানে বর্তমানে প্রায় ৪৫০টি মুরগি আছে। আরজু বেগম বলেন, ফেব্রুয়ারি ২০২১ থেকে খামারে মুরগি পালন শুরু করেন এবং স্থানীয় লোকজন ১৩০ টাকা কেজি দরে ক্রয় করেন। তিনি আরো জানান, এখন



খামার পরিচালনা ও পরিচার্যা করছেন আরজু বেগম। ছবি: ফজলুল হক-পিসি আমার ছেলে মেয়ের লেখা পড়া চালিয়ে যেতে আমার কোন সমস্যা হচ্ছে না এবং আমি কোস্ট ফাউন্ডেশন ও মানুষের জন্য ফাউন্ডেশন এর প্রতি কৃতজ্ঞ।

স্বাস্থ্যবিধি নিশ্চিত করে উপকারভোগীদের কাছ থেকে প্রকল্পের চলমান কার্যক্রম সম্পর্কে ফিডব্যাক গ্রহণ

করোনাকালে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দুর্বল নিশ্চিত করে উপকারভোগীদের কাছ থেকে প্রকল্পের চলমান কার্যক্রম সম্পর্কে মতামত গ্রহণ করা হয়। প্রকল্প সম্পর্কে উপকারভোগীদের কোন মন্তব্য আছে কিনা, এই প্রকল্পের মাধ্যমে তাদের কি উন্নতি হয়েছে ও ক্ষতি হয়েছে এবং প্রকল্পের উন্নয়নে ভূবিষ্যতে কি



ভোলা সদর উপজেলার চরসামাইয়া ইউনিয়নে প্রতি ৩ মাস পর এ ধরনের সভা করে মতামত গ্রহণ করা হয়। ছবি: আন্দুর রহমান, ২৪ মে ২০২১।

পদক্ষেপ নেওয়া যেতে পারে এ বিষয়ে আলোচনা করা হয়। বার্ষিক উন্নতি অর্জনের জন্য মতামত গ্রহণ ক্রমাগত করা হয় যেখানে উপকারভোগীগণ তাদের মতামত নিরপেক্ষভাবে প্রদান করেন।

কোস্ট, সিইপিআই প্রকল্পের কার্যক্রম: লক্ষ্য ও অর্জন, মে ২০২১ খ্রি।

ক্রম	কার্যক্রম	লক্ষ্য	অর্জন
১	উপকারভোগীদের সরকারি সেবা প্রাপ্তি	৬০০	৪৪৭
২	ওয়ার্ড উন্নয়ন সভা - ২০২১	৬৯	৪৯
৩	ইউনিয়ন নাগরিক ফোরামের ত্রৈমাসিক সভা	১০	৯
৪	ওয়ার্ড নাগরিক ফোরামের ত্রৈমাসিক সভা	১০	৯
৫	লাইভলাইভ উপকারভোগীদের বাড়ি পরিদর্শন	১২০	১০০

এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে সিইপিআই প্রকল্পের সকল সহকর্মী সহযোগিতা করেছেন।

বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: +৮৮০ ১৭০৮ ১২ ০৮ ১৪

ইমেইল: monir1992.coast@gmail.com

কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প বাস্তবায়ন কার্যালয়, সার্কিট হাউজ রোড, সার্কিট হাউজ এর বিপরীত পাশে, চরনোয়াবাদ, ভোলা সদর, ভোলা থেকে প্রকাশিত ও সংরক্ষিত। www.coastbd.net